

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০৩২.০২.০০.০০২.২০১৫-১১৬

তারিখ: ০৯-০৫-২০১৮ খ্রি:


বিষয়: নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) ওপির ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) ও আরপিএ (জিওবি) খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ১টি ডাবল কেবিন পিকআপ ক্রয়ে প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্র: (১) এনসিডিসির স্মারক নং-স্বাঃঅধিঃ/এলডি/এনসিডিসি/মোটরযান/২০১৭/১১৯১, তাং-২৬-১০-২০১৭ খ্রি:  
(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.১৫০.২০১৭-৩০৪, তাং-৩০-০৪-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) এর প্রস্তাব এবং অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি) ওপির ২০১৭-২০১৮ অর্থ বছরে জিওবি (উন্নয়ন) ও আরপিএ (জিওবি) খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ১টি ডাবল কেবিন পিকআপ ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকায় রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্ত:

- (ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণসহ সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বরাদ্দকৃত বাজেটের মধ্যে গাড়ী ক্রয় করতে হবে;
- (গ) অর্থ বিভাগের নির্ধারিত দরের মধ্যে যানবাহন ক্রয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;
- (ঘ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ঙ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে।

  
(মোঃ ফারুকুল ইসলাম)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
নন-কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (এনসিডিসি)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।